সংবাদ

তারিখ ... ২১.১০.৮৩ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ২ ...

শিক্ষক নিয়োগ ও স্কুল ব্যবস্থাপনার জন্য ৮টি কমিটি গঠনের সিদ্ধান্ত

# পৌর এলাকার প্রাথমিক বিদ্যালয়ের দায়িত্ব সরকারের হাতেই থাকছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনার পৌর এলাকার প্রাথমিক বিদ্যালয়গুলো সরকারী নিয়ন্ত্রণে থাকার ব্যাপারে সরকার চূড়ান্ত সিদ্ধান্ত নিয়েছেন। এগুলোর দায়িত্ব পৌর কর্তৃপক্ষকে দেয়া হচ্ছে না। প্রাথমিক বিদ্যালয় সম্পর্কে সরকারের নেয়া এই সিদ্ধান্ত শিগগিরই ঘোষণা করা হবে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

উল্লিখিত চারটি পৌর এলাকার প্রাথমিক বিদ্যালয়গুলোর জন্য প্রতি এলাকায় দু'টি করে কমিটি গঠনের সিদ্ধান্ত সরকার নিয়েছেন। একটি কমিটি প্রাথমিক বিদ্যালয়ের পরিচালনা ও প্রশাসনের দায়িত্বে থাকবে, অপর কমিটির দায়িত্বের মধ্যে থাকবে প্রাথমিক শিক্ষকদের নিয়োগ ও পদোন্নতির বিষয়। ঢাকা পৌর এলাকার কমি-

(শেষ পৃ: ৩-এর ক: ২:)

**৮টি কমিটি গঠনের সিদ্ধান্ত**

(১ম পাতার পর)

টির সাথে অপর তিনটি এলাকার কমিটির গঠন-কাঠামোতে কিছুটা পার্থক্য থাকবে।

ঢাকা পৌর এলাকার প্রাথমিক বিদ্যালয়গুলোর পরিচালনা ও প্রশাসনের জন্য যে কমিটি গঠন করা হবে তার চেয়ারম্যান নিযুক্ত হবেন প্রাথমিক শিক্ষা পরিদপ্তরের মহাপরিচালক। একজন সরকারী অফিসারকে কমিটির ভাইস চেয়ারম্যান এবং ঢাকার প্রাথমিক শিক্ষা অফিসারকে সদস্য সচিব নিয়োগ করা হবে। কমিটির সদস্যদের মধ্যে থাকবেন একজন থানা শিক্ষা অফিসার, মাধ্যমিক বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক, একজন প্রধান শিক্ষয়িত্রী, প্রাথমিক শিক্ষকদের মধ্য থেকে নির্বাচিত দু'জন শিক্ষক ও প্রাথমিক স্কুলগুলোর ম্যানেজিং কমিটির চেয়ারম্যানদের মধ্য থেকে নির্বাচিত দু'জন চেয়ারম্যান।

চট্টগ্রাম, খুলনা ও রাজশাহীর পৌর এলাকার প্রাথমিক বিদ্যালয়গুলোর পরিচালনা ও প্রশাসনের জন্য যে তিনটি কমিটি গঠিত হবে তার চেয়ারম্যান নিযুক্ত হবেন সংশ্লিষ্ট এলাকার প্রাথমিক শিক্ষা অফিসার। একজন সরকারী অফিসারকে কমিটির ভাইস-চেয়ারম্যান ও একজন থানা শিক্ষা অফিসারকে সদস্য সচিব নিয়োগ করা হবে। কমিটির সদস্যদের মধ্যে ঢাকার কমিটির মতই মাধ্যমিক স্কুলের একজন প্রধান শিক্ষক ও একজন প্রধান শিক্ষয়িত্রী, দু'জন প্রাথমিক শিক্ষক ও প্রাথমিক স্কুলগুলোর ম্যানেজিং কমিটির দু'জন চেয়ারম্যান থাকবেন।

ঢাকা পৌর এলাকার প্রাথমিক স্কুলের শিক্ষকদের নিয়োগ ও পদোন্নতির জন্য যে কমিটি হবে তাতেও চেয়ারম্যান নিযুক্ত হবেন প্রাথমিক শিক্ষা পরিদপ্তরের মহাপরিচালক। প্রাথমিক শিক্ষা অফিসারকে কমিটির সদস্য-সচিব নিয়োগ করা হবে। এছাড়া কমিটিতে সদস্য হিসেবে থাকবেন একজন সরকারী অফিসার, মাধ্যমিক বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক ও একজন প্রধান শিক্ষয়িত্রী।

অপর তিনটি পৌর এলাকার প্রাথমিক স্কুলের শিক্ষক নিয়োগ ও পদোন্নতির জন্য গঠিতব্য কমিটিতে চেয়ারম্যান থাকবেন সংশ্লিষ্ট এলাকার প্রাথমিক শিক্ষা অফিসার। একজন থানা শিক্ষা অফিসারকে কমিটির সদস্য-সচিব এবং একজন সরকারী অফিসার, মাধ্যমিক স্কুলের একজন প্রধান শিক্ষক ও একজন প্রধান শিক্ষয়িত্রীকে কমিটির সদস্য নিযুক্ত করা হবে।

উল্লিখিত চারটি পৌর এলাকা বাদে দেশের অন্যান্য এলাকার